


“অর্থনৈতিক শুমারিতে সঠিক তথ্য দিন  
পরিকল্পিত উন্নয়নে অংশ নিন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
চন্দনাইশ, চট্টগ্রাম।

“শুমারি অগ্রাধিকার”

[www.chandanaish.chittagong.gov.bd](http://www.chandanaish.chittagong.gov.bd)

নং- ০৫.৪২.১৫১৮.৫১৪.২৯.০০২.২০- 

১১ আষাঢ়, ১৪৩১ ব.


তারিখ: ২৫ জুন, ২০২৪ খ্রি.

**বিষয়: অর্থনৈতিক শুমারি-২০২৪ এর মাঠ পর্যায়ে লিষ্টিং বা তালিকাকরণ কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদান প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক ডিজিটাল পদ্ধতিতে ট্যাবলেট ব্যবহারপূর্বক মোবাইল ও ওয়েব এপ্লিকেশন এর মাধ্যমে অর্থনৈতিক শুমারি-২০২৪ এর প্রস্তুতিমূলক কার্যক্রম হিসেবে আগামী ০১-২০ জুলাই, ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত লিষ্টিং বা তালিকাকরণ কার্যক্রম অনুষ্ঠিত হবে। উক্ত লিষ্টিং বা তালিকাকরণ কার্যক্রমে দেশের সকল খানা ও অর্থনৈতিক ইউনিট যেমন- দোকানপাট, হাট-বাজার, মসজিদ, মন্দির, স্কুল, কলেজ, মাদ্রাসা, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানসহ যাবতীয় প্রতিষ্ঠানকে লিষ্টিং বা তালিকাভুক্ত করা হবে। অর্থনৈতিক শুমারির মাধ্যমে কৃষি বহির্ভূত অর্থনৈতিক কর্মকাণ্ডের তথ্য সংগ্রহ করা হয়। বাংলাদেশের অর্থনীতি কৃষি নির্ভর হতে ক্রমশ শিল্প ও সেবা নির্ভর হয়ে উঠছে। ফলে অকৃষি খাতগুলো জাতীয় আয় ও কর্মসংস্থানে অধিকতর অবদান রাখছে। দেশের উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে এ খাতসমূহের পর্যাপ্ত তথ্যের ঘাটতি রয়েছে।

এ শুমারি হতে সময়ের বিবর্তনে একটি দেশের অর্থনীতিতে যে অবকাঠামোগত পরিবর্তন ঘটে, সে সম্পর্কে সম্যক ধারণা লাভ করা যাবে। তাছাড়াও অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত সকল প্রতিষ্ঠান সম্পর্কে মৌলিক তথ্য সরবরাহ করা, এগুলোর ধরন সম্পর্কে জানা এবং বিনিয়োগকৃত মূলধন ও জনবল কাঠামো অনুযায়ী শিল্প ও ব্যবসায় প্রতিষ্ঠানের শ্রেণীবিন্যাসকরণ পূর্বক সংখ্যা নির্ধারণ সম্ভব হবে। এ জন্য জাতীয় অর্থনীতির উত্তরণলগ্নে এ শুমারির গুরুত্ব অপরিসীম।

এমতাবস্থায়, অর্থনৈতিক শুমারি-২০২৪ এর মাঠ পর্যায়ে লিষ্টিং বা তালিকাকরণ কার্যক্রম নির্ভুল, সঠিক ও সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ও তালিকাকারীদের সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

  
২৫/০৬/২০২৪  
মাহমুদা বেগম

উপজেলা নির্বাহী অফিসার  
চন্দনাইশ, চট্টগ্রাম।

ও

সভাপতি

উপজেলা স্থায়ী শুমারি/ জরিপ কমিটি

ফোন: ০৩০৩৩৫৬০০১; ফ্যাক্স: ০৩০৩৩৫৬২২৯

ই-মেইল: [unochandanaish@mopa.gov.bd](mailto:unochandanaish@mopa.gov.bd)

তারিখ: ২৫ জুন, ২০২৪খ্রি.।

প্রাপক:

.....

.....

চন্দনাইশ, চট্টগ্রাম।

স্মারক নং: ০৫.৪২.১৫১৮.৫১৪.২৯.০০২.২০-

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯১, চট্টগ্রাম-১৪ আসন ও মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

০১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চন্দনাইশ, চট্টগ্রাম।

০২। মেয়র, ..... পৌরসভা, চন্দনাইশ, চট্টগ্রাম।

০৩। সহকারী কমিশনার (ভূমি), চন্দনাইশ, চট্টগ্রাম।

০৪। উপজেলা ..... কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা, চন্দনাইশ থানা, চট্টগ্রাম।

০৫। চেয়ারম্যান, ..... (সকল), ইউনিয়ন পরিষদ, চন্দনাইশ, চট্টগ্রাম।

০৬। সভাপতি/সাধারণ সম্পাদক, ..... ব্যবসায়ী সমিতি, ..... চন্দনাইশ, চট্টগ্রাম।